অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/30/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল মিনওয়াস্কা স্টেট পার্কে আগুন নিবারণ প্রচেষ্টার সমর্থনে ন্যাশনাল গার্ডকে নিযুক্ত করলেন

নিযুক্ত করা হয়েছে একবারে 600 গ্যালন পানি ফেলতে পারা দুইটি ব্ল্যাক হক হেলিকপ্টার, এবং একইসাথে দমকলকর্মীদের কন্টিনজেন্ট

স্টেটের ফরেস্ট রেঞ্জারগণ আগুনের বিস্তারে সাড়াদানের ক্ষেত্রে স্টেট, স্থানীয় বহু-এজেন্সির ইন্সিডেন্ট কমান্ড, ন্যাশনাল গার্ড, এবং কুইবেক অ্যাসিস্ট্যান্সের নেতৃত্ব দিচ্ছে

ন্যাশনাল গার্ডের আকাশে অগ্নি নির্বাপণ কর্মকাণ্ড পরিচালনার ভিডিও উপলভ্য এখানে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক আর্মি এবং এয়ার ন্যাশনাল গার্ডসকে (New York Army and Air National Guards), এবং সেই সাথে অনেক সংখ্যক সংস্থানকে নিযুক্ত করা হয়েছে বর্তমানে জ্বলতে থাকা মিনওয়াস্কা স্টেট পার্ক প্রিজার্ভের (Minnewaska State Park Preserve) 130 থেকে 150 একর এলাকার দাবানলের আগুন নিয়ন্ত্রণ করাকে আরো সমর্থন করার জন্য। আজকে থেকে শুরু করে, দুইটি আর্মি ন্যাশনাল গার্ড UH-60 ব্ল্যাক হক হেলিকপ্টার যা একেক বার 600 গ্যালন পানি ফেলতে সক্ষম, তিন ব্যক্তির ক্রুসহ, আকাশ অভিযান শুরু করেছে, এবং একইসাথে এয়ার ন্যাশনাল গার্ডের পাঁচটি দমকল কন্টিনজেন্টকেও নিযুক্ত করা হয়েছে। স্টেটের এনভায়রনমেন্টাল কনজার্ভেশন ডিপার্টমেন্টের (Department of Environmental Conservation, DEC) ফরেস্ট রেঞ্জারগণ, আলস্টার কাউন্টির সহযোগিতায় ইন্সিডেন্ট কমান্ডার্স হিসেবে কাজ করছে, এবং 200-র বেশি বনভূমির দমকল কর্মী এবং রেঞ্জারসহ স্বেচ্ছাসেবকগণ, স্থানীয় অগ্নি সাড়াদান সংস্থান, এবং DEC, পার্কস, রিক্রিয়েশন, এবং হিস্টোরিক প্রিজার্ভেশন অফিস (Office of Parks, Recreation, and Historic Preservation, Division), হোমল্যান্ড সিকিউরিটি এবং ইমার্জেন্সি সার্ভিসেস ডিভিশন (Division of Homeland Security and Emergency Services), নিউ ইয়র্ক স্টেট পুলিশ এভিয়েশন (New York State Police Aviation), এবং স্টেট ফায়ার (State Fire) আগুন নেভাতে কাজ করছে।

পাশাপাশি, কুইবেকের 20 জন দমকল কর্মীদের, যারা নর্থইস্টার্ন ফরেস্ট ফায়ার সুরক্ষা কম্প্যাক্ট (Northeastern Forest Fire Protection Compact) দ্বারা সুরক্ষিত, বৃহস্পতিবার আসার কথা রয়েছে। 1940-র দশকে স্থাপিত কম্প্যাক্টটি এর সদস্য স্টেট ও প্রভিন্সগুলিকে এমন আগুন

সামাল দেওয়ার ব্যবস্থা প্রদান করে যা হয়তো একটি একক সদস্যের ক্ষমতার বাইরে, তথ্য, প্রযুক্তি এবং সংস্থান ভাগাভাগি (পারস্পরিক সহায়তা) করার কর্মকাণ্ডের মাধ্যমে।

"যখন মিনওয়াস্কা স্টেট পার্কে দাবানল সাংঘাতিকভাবে জ্বলছে, তখন আমি প্রত্যেক নিউ ইয়র্কবাসীকে তাগিদ দিচ্ছি নিজেদের এবং নিজেদের পরিবারকে নিরাপদ রাখার জন্য বিচক্ষণ সতর্কতা অবলম্বন করার জন্য," **গভর্নর হোকল বলেন।** "আমি আমাদের সকল সাহসী প্রথম সাড়াদানকারীদের, অংশীদার এজেন্সিগুলিকে এবং প্রতিবেশীদের ধন্যবাদ জানাচ্ছি যারা আমাদের সম্প্রদায়কে সুরক্ষিত রাখার জন্য দিনরাত কাজ করে যাচ্ছে।"

শওয়ানগাঙ্ক ফায়ার কমপ্লেক্সে রয়েছে অঞ্চলে তিনটি আগুন এবং সাড়াদান কাজের নেতৃত্ব দেওয়া হচ্ছে ন্যাপানক ইন্সিডেন্ট কমান্ড থেকে। মিনওয়াস্কা স্টেট পার্ক প্রিজার্ভের ন্যাপানক পয়েন্টের আগুন শুরু হয় সপ্তাহান্তে, যা একটি বিদ্যুৎ চমকানো দ্বারা শুরু হয়েছে বলে সন্দেহ করা হচ্ছে, এটির পরিসীমা 130 থেকে 150 একর। ন্যাপানক পয়েন্টের আগুন থেকে আনুমানিক দুই মাইল পূর্বে ক্ষুদ্রতর একটি আগুন লেগেছে, যার নাম স্টোনি কিল এবং এটি গতকাল খুঁজে পাওয়া গেছে এবং এর পরিসীমা আনুমানিক 0.68 একর। মামাকাটিং টাউনের ওয়ার্টসবরো আগুনটি সপ্তাহান্তে শুরু হয়েছে এবং এর পরিসীমা আনুমানিক 70 একর।

পরবর্তী ঘোষণার আগ পর্যন্ত মিনওয়াস্কা বন্ধ থাকবে। এখন পর্যন্ত কোনও বাসিন্দা প্রভাবিত হচ্ছে না। ন্যাপানক পয়েন্টের আগুন থেকে সবথেকে কাছের বাসিন্দাদের সুরক্ষা করার জন্য অতিরিক্ত সতর্কতাস্বরূপ, DEC ফরেস্ট রেঞ্জারগণ এবং কর্মী স্বেচ্ছাসেবকেরা দ্রুতই বার্ম রোডের কাছে ওয়াওয়ার্সিং টাউনে একটি কন্টিনজেন্সি ফায়ার লাইন বসানোর কাজ শুরু করবে। আজকে, 30 আগস্ট, সন্ধ্যা 7টায়, এলেনভিলের 28 ম্যাপল অ্যাভিনিউতে, এলেনভিল জুনিয়র/সিনিয়র হাই স্কুল অডিটোরিয়ামে (Ellenville Junior/Senior High School Auditorium) একটি কমিউনিটি বৈঠক অনুষ্ঠিত হবে। এটি বাসিন্দাদের এবং প্রভাবিত এলাকার অন্যান্যদের জন্য সমন্বিত অগ্নি সাড়াদান সম্পর্কে প্রশ্ন করার একটি সুযোগ হবে।

আগুন শুরু হওয়ার পর থেকে, স্টেট ও স্থানীয় সংস্থানের একটি সমন্বিত প্রচেষ্টা মাঠপর্যায়ে অগ্নি নির্বাপণের চেষ্টা করছে। দমকল কর্মীরা স্টেট ফরেস্ট রেঞ্জারদের নেতৃত্বে একটি যৌথ একীভূত কমান্ডের অধীনে কাজ করছে। ফরেস্ট রেঞ্জারদের ইন্সিডেন্ট কমান্ড এবং অগ্নি প্রতিরোধ কৌশল সম্পর্কে উল্লেখযোগ্য অভিজ্ঞতা রয়েছে, তাদের ব্যাপক প্রশিক্ষণ এবং অন্যান্য স্টেটে তাদের সমন্বিত দাবানলের আগুন নেভানোর মিশনে করা সমন্বিত কাজের জন্য। অতিরিক্ত বহু এজেন্সি সংস্থানের মধ্যে রয়েছে নিউ ইয়র্ক স্টেট পুলিশ এভিয়েশন, যারা রবিবার থেকে দুইটি হেলিকপ্টার উড়িয়েছে এবং প্রতিদিন আনুমানিক 120-180টি 300 গ্যালন বালতির পানি ফেলেছে। নিযুক্ত হওয়ার পর থেকে দুইটি ন্যাশনাল গার্ড ব্ল্যাক হক হেলিকপ্টারের প্রতিটি প্রতি ঘণ্টায় 12 বালতি পানি ফেলেছে, যার মোট দাঁড়ায় 24,600 গ্যালন বালতি। নিউ ইয়র্ক স্টেটের হোমল্যান্ড সিকিউরিটি এবং ইমার্জেন্সি সার্ভিসেস ডিভিশনও আরো সমর্থন প্রদানের জন্য স্টেটের ঘটনা ব্যবস্থাপনা দল (Incident Management Team, IMT) এবং একাধিক জরুরি যোগাযোগে অভিজ্ঞ ব্যক্তিকে ডিস্প্যাচ করেছে। স্টেটের অগ্নি প্রতিরোধ ও নিয়ন্ত্রণ অফিস (State Office of Fire Prevention and Control) স্টেটের অগ্নি মবিলাইজেশন এবং পারস্পরিক সহায়তা পরিকল্পনা (Fire Mobilization and Mutual Aid Plan) এবং অগ্নি কর্মকাণ্ড কেন্দ্র (Fire

Operations Center) সক্রিয় করেছে যাতে অতিরিক্ত সংস্থানের সময়মত সমন্বয় নিশ্চিত করা যায়।

নিউ ইয়র্ক স্টেটের এনভায়রমেন্টাল কনজার্ভেশন ডিপার্টমেন্টের কমিশনার ব্যাসিল সেগোস বলেন, "ভূমিতে ও আকাশে, DEC-র ফরেস্ট রেঞ্জারগণ এবং দাবানলের জন্য অভিজ্ঞ দমকলকর্মীরা নিউ ইয়র্কে এবং পশ্চিমের স্টেটগুলিতে বহু ঘণ্টার দাবানলের সাথে লড়াইয়ের অনুশীলনকে কাজে লাগাচ্ছে। এই দমকলকর্মীরা জনগণকে সুরক্ষা করা এবং আগুন নিয়ন্ত্রণে মনোযোগ দিচ্ছে। আমরা যতক্ষণ পর্যন্ত উল্লেখযোগ্য পরিমাণ বৃষ্টি না পাচ্ছি, এই আগুন জ্বলতেই থাকবে। আমাদের প্রয়োজন যাতে সকলে তাদের নিজের কাজটি করে এবং আগুনের ব্যাপারে সাবধান থাকে। যদিও এই আগুনটি বিদ্যুৎ চমকানো দিয়ে শুরু হয়েছে, এই গ্রীষ্মে আমরা যত আগুন দেখেছি তার বেশিরভাগ ফেলে যাওয়া ক্যাম্পফায়ার দিয়ে শুরু হয়েছে। আপনার যদি আগুন জ্বালানো প্রয়োজন না হয়, জ্বালাবেন না। অত্যন্ত শুকনা গাছপালা তাৎক্ষণিকভাবে জ্বলে উঠতে পারে।"

নিউ ইয়র্ক স্টেটের পার্কস কমিশনার এরিক কুলেসিড বলেন, "আমি সেই সকল বহু এজেন্সি এবং কর্মীর প্রতি কৃতজ্ঞ যারা একটি মূল্যবান প্রাকৃতিক এবং বিনোদনমূলক সংস্থানকে সুরক্ষা করার জন্য এগিয়ে এসেছে। দমকল কর্মীরা অত্যন্ত কষ্টসাধ্য পরিস্থিতিতে কাজ করছে আগুন নিয়ন্ত্রণ করার জন্য, কঠিন ভূখণ্ড এবং আবহাওয়া পরিস্থিতির মোকাবেলা করছে। আমি তাদের সকলের প্রশংসা করছি দ্রুত সাহায্য করতে নিয়োজিত হওয়ার জন্য।"

নিউ ইয়র্ক স্টেটের হোমল্যান্ড সিকিউরিটি এবং ইমার্জেন্সি সার্ভিসেসের কমিশনার জ্যাকি ব্রে বলেন, "নিউ ইয়র্কের প্রথম সাড়াদানকারীরা আমাদের স্থানীয় অংশীদারদের সাথে সম্পূর্ণ সমন্বিত আছে এবং কঠিন ভূখণ্ড এবং আবহাওয়া পরিস্থিতি সত্ত্বেও, এই নিবেদিত পেশাদাররা আগুন নিয়ন্ত্রণে আসা পর্যন্ত বিশ্রাম নিবে না। পরিস্থিতি যেভাবে পরিবর্তিত হবে, আমরা সেভাবে সম্ভাব্য সকল সংস্থান উপলভ্য করতে থাকবো যাতে নিশ্চিত করা যায় যে এই সুন্দর স্টেট পার্ক এবং আশেপাশের সম্প্রদায়সমূহে সুরক্ষিত থাকে।"

স্টেটের হোমল্যান্ড সিকিউরিটি এবং ইমার্জেন্সি সার্ভিসেস ডিভিশন এছাড়াও স্টেটের ঘটনা ব্যবস্থাপনা দল ডিস্প্যাচ করছে, এবং একইসাথে ডিভিশনের ইন্টারঅপারেবল এবং জরুরি যোগাযোগ অফিস (Office of Interoperable and Emergency Communications) থেকে জরুরি যোগাযোগ অভিজ্ঞদের ডিস্প্যাচ করছে। IMT একটি বহু-এজেন্সির/বহু জুরিসডিকশনাল দল যেটিকে একটি ঘটনা বা ইভেন্ট নিরাপদে,কার্যকরভাবে এবং দক্ষভাবে ব্যবস্থাপনা করার প্রয়োজনে নিযুক্ত বা সক্রিয় করা যাবে, তার কারণ, আকার বা জটিলতা যাই হোক না কেন।

নিউ ইয়র্ক স্টেটের পুলিশ সুপারিন্টেন্ডেন্ট কেভিন পি. ব্রুয়েন বলেন, "আমাদের এভিয়েশন ইউনিট অন্যান্য স্টেট ও স্থানীয় এজেন্সির সাথে মাঠপর্যায়ে সমন্বয় করছে যাতে আগুন নিয়ন্ত্রণে সাহায্য করতে আকাশের সমর্থন দিতে পারে। আমাদের পাইলটদের দাবানলের বিরুদ্ধে লড়াই করার বিশেষায়িত প্রশিক্ষণ আছে এবং তারা পানি ফেলার মিশনে প্রয়োজনমতো উড়তে থাকবে যতক্ষণ পর্যন্ত আগুন নিয়ন্ত্রণে না আসে।"

নিউ ইয়র্কের অ্যাডজুটেন্ট জেনারেল, মেজর জেনারেল রেমন্ড শিল্ডস বলেন, "নিউ ইয়র্ক ন্যাশনাল গার্ডের সদস্যরা প্রশিক্ষণ নিয়েছে এবং আমরা আমাদের প্রথম সাড়াদানকারীদের সম্ভাব্য অগ্নি নির্বাপণে সমর্থন করার জন্য নিজেদের প্রস্তুত করেছি। আমাদের স্টেট ও স্থানীয় এজেন্সি অংশীদারদের সাথে কাজ করা অগ্নি নির্বাপণ সাড়াদানে নমনীয়তা আনে। আমাদের সামরিক প্রশিক্ষণ এবং সক্ষমতা নিজেদেরকে এরকম মিশনের জন্য ধার দিয়ে থাকে এবং আমরা এই আগুন দ্রুত ও নিরাপদে নিয়ন্ত্রণ করতে উন্মুখ।"

ওয়াওয়ার্সিং টাউনের সুপারভাইজর টেরি হক বলেন, "গভর্নর হোকল, স্টেট এজেন্সিসমূহ, এবং শওয়ানগাঙ্ক রিজের শিখার বিরুদ্ধে দিনরাত লড়াই করতে থাকা সকল প্রথম সাড়াদানকারীদেরকে ধন্যবাদ। আমাদের নাগরিকদের নিরাপদ রাখতে যে কাজ করা হচ্ছে তার জন্য আমাদের সম্প্রদায় কৃতজ্ঞ।"

আলস্টার কাউন্টির নির্বাহী প্যাট্রিক কে. রায়ান বলেন, "আমি গভর্নর ক্যাথি হোকল এবং সকল প্রথম সাড়াদানকারীদের ধন্যবাদ জানাতে চাই যারা এই দাবানলের সময় নিরলসভাবে কাজ করে যাচ্ছে," বলেন কাউন্টি নির্বাহী প্যাট রায়ান। "আমরা আগুনের গতিকে সীমিত করতে কাজ চালিয়ে যাবো এবং আমি সকল বাসিন্দাদের আহ্বান করছি আমরা যেই শুকনো মৌসুমে আছি সেই ব্যাপারে সতর্ক থাকুন এবং আরো আগুনের ঝুঁকি হ্রাস করতে প্রয়োজনীয় সতর্কতা অবলম্বন করুন।"

নিউ ইয়র্ক স্টেট নিবিড়ভাবে আবহাওয়া পরিস্থিতি পর্যবেক্ষণ করছে যেহেতু একটি ফ্রন্ট পূর্ব থেকে স্টেটে আসছে। যদিও কিছু বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে, প্রত্যাশিত বৃষ্টির পরিমাণ উল্লেখযোগ্য প্রভাব ফেলবে বলে আশা করা যাচ্ছে না এবং এর কারণে তীব্র বাতাস এবং বিদ্যুৎ চমকানোর মতো অসহায়ক পরিস্থিতির সৃষ্টি হতে পারে।

নিউ ইয়র্কের হাডসন ভ্যালি এবং ক্যাটস্কিল অঞ্চল এখনো আগুনের উচ্চ ঝুঁকিতে রয়েছে (বর্তমান আগুনের ঝুঁকির মানচিত্র (Fire Danger Map) দেখুন), অর্থাৎ ঘরের বাইরের আগুনের দ্রুত ছড়িয়ে বোড়ার ঝুঁকি আছে, বিশেষ করে যদি বাতাস বেড়ে যায়। আগুন মারাত্মক হতে পারে এবং নিয়ন্ত্রণ করা কঠিন হয়ে যেতে পারে যদি কম থাকা অবস্থায় নিয়ন্ত্রণ না করা যায়।

মধ্য হাডসন অঞ্চলের স্টেট পার্কগুলিতে সকল ধরনের ক্যাম্পফায়ার এবং উন্মুক্ত পোড়ানো বর্তমানে নিষিদ্ধ করা হয়েছে। আরো তথ্যের জন্য parks.ny.gov দেখুন।

DEC নিউ ইয়র্কবাসী এবং দর্শনার্থীদের দাবানল হ্রাস করতে নিচের চলতে উৎসাহিত করে যাচ্ছে।

ব্যাককান্ট্রিতে ক্যাম্পিং করার সময় নিউ ইয়র্কবাসীদেরকে নিম্নলিখিত নির্দেশনা মেনে চলতে বলা হচ্ছে:

1. সম্ভব হলে বিদ্যমান ক্যাম্পফায়ার রিং ব্যবহার করুন।
2. উপর থেকে ঝুলে থাকা গাছের ডাল, খাড়া ঢাল, পঁচা কাণ্ড, কাঠের গুড়ি, শুষ্ক ঘাস, ও পাতা থেকে দূরে গিয়ে ক্যাম্পফায়ার তৈরি করুন। অতিরিক্ত কাঠ আগুন থেকে দূরে জমা করুন।

3. রিংয়ের আশেপাশের স্থান থেকে পাতা, ডাল, এবং অন্যান্য দাহ্য বস্তু পরিষ্কার করুন।
4. ক্যাম্পফায়ারের কাছে কাউকে না রেখে চলে যাবেন না। একটি ক্ষুদ্র বাতাসও দ্রুত আগুন ছড়িয়ে দিতে পারে।

নিউ ইয়র্কে উন্মুক্ত পোড়ানো এবং ক্যাম্পফায়ার নিরাপত্তা সম্পর্কে তথ্যের জন্য, DEC-র নিউ ইয়র্কে উন্মুক্ত পোড়ানো (Open Burning in New York) এবং ক্যাম্পিংয়ের সময় আগুন নিরাপত্তা (Fire Safety When Camping) ওয়েবপেজগুলি দেখুন। দাবানলের ব্যাপারে আরো তথ্যের জন্য ফোন করুন 1-833-NYS-RANGERS নম্বরে এবং একটি দাবানল রিপোর্ট করার জন্য 911 এ ফোন করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418